

কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট	
১৫/০৫/১৭	
ডায়েরী নং	তারিখ
<input type="checkbox"/> প্রোগ্রামার	
<input type="checkbox"/> সহকারী প্রোগ্রামার	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৩১.৩২.০০৩.১৫.

২২৭৬(২৭)


তারিখঃ ১৩/০৫/১৭ খ্রি।

বিষয়ঃ মহান স্বাধীনতা যুদ্ধ চলাকালীন নিহত খাদ্য বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীদের বিষয়ে তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। খাদ্য মন্ত্রণালয়ের ১৫/০৫/১৭ খ্রি. তারিখের ২৬৮ ও ০৩/০৭/১৭ খ্রি. তারিখের ৩৫৯ নং স্মারক।
২। খাদ্য অধিদপ্তরের ৩১/০৫/১৭ খ্রি. তারিখের ৯৬৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ ২ নং স্মারকে মহান স্বাধীনতা যুদ্ধ চলাকালীন ১৯৭১ সালের ২৬ মার্চ হতে ১৬ ডিসেম্বর পর্যন্ত পাকিস্তানী হানাদার বাহিনী বা তাদের দোসরদের দ্বারা নিহত খাদ্য অধিদপ্তরাধীন কর্মকর্তা/কর্মচারীদের তথ্য যাচাই করে প্রতিবেদন প্রেরণের জন্য মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়। কিন্তু মাঠ পর্যায়ে হতে ৩/৪ মাসের ব্যবধানে প্রতিবেদন পাওয়া গেলেও দেখা যায় অধিকাংশ কেন্দ্র হতে উক্ত যাচাই বা অনুসন্ধান কার্যক্রম যথাযথভাবে করা হয়নি; এ বিষয়ে কাউকে তথ্য অনুসন্ধানের নিম্নোক্ত করা হয়নি। এমনকি মাঠ পর্যায়ে তথ্য অনুসন্ধান করা হয়েছে এমন কোন প্রমাণও দেখা যায়নি। শহীদ খাদ্য বিভাগীয় কর্মকর্তাদের বিষয়ে দায়সারা গোছের উদ্যোগ গ্রহণ সত্যি দুঃখজনক। কেননা যেখানে জাতীয় আর্কাইভে তাঁদের তথ্য বিদ্যমান সেখানে বিস্তারিত অনুসন্ধান করা জাতীয় স্বার্থে এমনকি শহীদ মুক্তিযোদ্ধার সম্মানার্থে করা উচিত ছিল। এ বিষয়ে বিস্তারিত অনুসন্ধানপূর্বক বিনা ব্যর্থতায় জরুরী ভিত্তিতে পূর্বে প্রেরিত ছক মোতাবেক পূর্ণাঙ্গ ও স্বয়ংসম্পূর্ণ নির্ভরযোগ্য তথ্য প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। ব্যর্থতায় বা গাফিলতি পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দায়ী হবেন।

এতে মহাপরিচালকের অনুমোদন রয়েছে।


(এ.কে.এম. ফজলুর রহমান)
পরিচালক (প্রশাসন)
ফোন-৯৫৮৬২১৩
dadm@dgfood.gov.bd

প্রাপক,

- ১-৬। পরিচালক, হিসাব ও অর্থ/সববি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ০৭। প্রধান মিলার, পোস্তগোলা সরকারী আধুনিক ময়দা মিল, ঢাকা।
- ০৮-১৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ১৫-১৬। অতিরিক্ত পরিচালক, এম আই এস এন্ড এম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১৭। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ১৮-২৩। সাইলো অধিক্ষক, নারায়নগঞ্জ/চট্টগ্রাম/আশুগঞ্জ, বি-বাড়িয়া/সান্তাহার, বগুড়া/খুলনা স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট।
- ২৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ঢাকা।
- ২৬-২৭। উপ-পরিচালক (তদন্ত ও মামলা/পিপিটি), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-১৩.০১.০০০০.০৩১.৩২.০০৩.১৫.

তারিখঃ ১৩/০৫/১৭ খ্রি।

অনুলিপিঃসদয় অবগতির জন্যঃ-

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। অফিস কপি।
- ৪। মাস্টার কপি।

(মোলাহুউদ্দিন আহাম্মদ)
অতিরিক্ত পরিচালক (প্রশাসন)
ফোন-৯৫৮৩৮৯৯
adl.adm@dgfood.gov.bd